# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৯

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫৬. মসজিদে প্রবেশকালে এবং বের হওয়ার সময় যা বলবে

باب مَا يَقُولُ إِذَا دَخَلَ الْمَسْجِدَ وَإِذَا خَرَجَ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا سُلَيْمَانُ يَعْنِي ابْنَ بِلَالٍ عَنْ رَبِيعَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ سَعِيدٍ عَنْ أَبِي حُمَيْدٍ أَوْ أَبِي أُسَيْدٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ أَحَدُكُمْ الْمَسْجِدَ فَلْيَقُلْ اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ وَإِذَا خَرَجَ فَلْيَقُلْ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ

## বাংলা

২৭২৯. আবূ হুমাইদ অথবা আবী উসাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তোমাদের কেউ মসজিদে প্রবেশকালে যেন বলেঃ “আল্লাহুম্মাফতাহলী আবওয়াবা রহমতিকা’ (অর্থ: হে আল্লাহ্! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ উন্মুক্ত করে দিন) এবং বের হওয়ার সময় যেন বলেঃ “আল্লাহুম্মা ইন্নী আসআলুকা মিন ফাযলিকা’ (অর্থ: হে আল্লাহ! আমি আপনার নিকট আপনার অনুগ্রহ প্রার্থনা করি’)।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, সালাতুল মুসাফিরীন ৭১৩; আহমাদ ৩/৪৯৭, ৫/৪২৫; নাসাঈ, মাসাজিদ ২/৫৩; ইবনুস সুন্নী, আমলূল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ১৭৭; ইবনু হিব্বান নং ২০৪৯।

এর শাহিদ হাদীস রয়েছে ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৭৫৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুমায়দ সা‘ঈদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন